

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।
www.brta.gov.bd

স্মারক নং-৩৫.০৩.০০০০.০২.৪৭.০০৫.১৯-২৬০১


তারিখঃ ২৪/০৯/২০২০ খ্রিঃ।

বিষয়ঃ সতর্কতামূলক বিজ্ঞপ্তি প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ে সতর্কতামূলক সংক্রান্ত বিজ্ঞপ্তিটি বঙ্গবন্ধু কালচারাল সেন্টার সুভ্যেনিরে রংজিন প্রথম অথবা শেষ পাতায় প্রকাশের জন্য এবং প্রকাশিত বিজ্ঞপ্তির ০৩ (তিন) কপি বিলের সাথে দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। বিজ্ঞাপন প্রকাশের ব্যয় বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা এ অথরিটির প্রচার ও বিজ্ঞাপন ব্যয় খাত- ৪৮৩৩(৩/৫০৪৩/০০০০/৪৮৩৩) থেকে নির্বাহ করা হবে।

সংযুক্তঃ বিজ্ঞপ্তি ০১ (এক) ফর্দ।


(মোহাম্মদ আব্দুর রাজ্জাক)
উপপরিচালক (এনফোর্সমেন্ট)
ফোন-৫৫০৪০৭২২

বিতরণঃ
সম্পাদক
বঙ্গবন্ধু কালচারাল সেন্টার

অনুলিপিঃ

- ১। চেয়ারম্যান এর একান্ত সচিব, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।
- ২। সহকারী প্রোগ্রামার, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রচার করার অনুরোধসহ)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ
সতর্কতামূলক বিজ্ঞপ্তি



মোটর সাইকেল চালকদের প্রতি আহ্বান

- ১। ফুটপাথ দিয়ে এবং রাস্তায় বেপোরোয়াভাবে মোটরসাইকেল চালাবেন না।
- ২। মোটরসাইকেল চালক ও আরোহী উভয়ই অবশ্যই হেলমেট ব্যবহান করুন।
- ৩। মোটরসাইকেল চালক ব্যতীত একজনের বেশি আরোহী/যাত্রী বহন করবেন না।
- ৪। বৈধ এবং হালনাগাদ কাগজপত্র ছাড়া মোটরসাইকেল চালাবেন না।

মোটরযান মালিকদের প্রতি আহ্বান

- ১। যান্ত্রিক ত্রুটিযুক্ত ও ফিটনেসবিহীন গাড়ি রাস্তায় নামাবেন না।
- ২। বৈধ কাগজপত্র ছাড়া গাড়ি রাস্তায় নামাবেন না।
- ৩। বিআরটিএ'র সংশ্লিষ্ট অফিস থেকে ড্রাইভিং লাইসেন্সের বৈধতা যাচাই করেগাড়ি সচালক নিয়োগ দিন।

মোটরযান চালকদের প্রতি আহ্বান

- ১। ওভারটেকিং নিষিদ্ধ এলাকা, রাস্তার বাঁক, সরু ব্রিজে ওভারটেকিং করবেন না।
- ২। গাড়ি চালনাকালে ইয়ারফোন ও মোবাইল ফোনে কথা বলবেন না।
- ৩। গতিসীমা লংঘন করে গাড়ি চালাবেন না।
- ৪। মাদকদ্রব্য সেবন করে কিংবা ঘুম-ঘুম ভাব হলে গাড়ি চালাবেন না।
- ৫। একটানা পাঁচ ঘন্টার বেশি গাড়ি চালাবেন না।
- ৬। ট্রাফিক আইন, ট্রাফিক সাইন এবং ট্রাফিক পুলিশের নির্দেশনা মেনে চলুন।
- ৭। গাড়িতে অতিরিক্ত যাত্রী বা মালামাল তুলবেন না। বৈধ ড্রাইভিং লাইসেন্স ছাড়া গাড়ি চালাবেন না।
- ৮। সিটবেল্ট বেঁধে গাড়ি চালান। নিরাপদে যাত্রী উঠা-নামা নিশ্চিত করুন।

পথচারীদের প্রতি আহ্বান

- ১। ফুটপাথ দিয়ে চলাচল করুন। যেখানে ফুটপাথ নেই, সেখানে রাস্তার ডান পাশ দিয়ে সাবধানে চলাচল করুন।
- ২। জেরা ক্রসিং, ফুটওভারব্রিজ ও আন্ডারপাস দিয়ে রাস্তা পারাপার হোন।
- ৩। দৌড়ে অথবা মোবাইল ফোনে কথা বলতে বলতে রাস্তা পার হবেন না।

যাত্রীদের প্রতি আহ্বান

- ১। চলন্ত গাড়িতে চালক মোবাইল ফোন ব্যবহার করলে তাকে নিবৃত্ত করুন।
- ২। সড়ক দুর্ঘটনা ঘটানোর সাথে সাথে স্থানীয় পুলিশকে সংবাদ দিন। আইন নিজের হাতে তুলে নিবেন না।
- ৩। মোটরযানে ধুমপান করবেন না। মালবাহী মোটরযানে যাত্রী হয়ে উঠবেন না।

* সাবধানে চালাবো গাড়ি, নিরাপদে ফিরবো বাড়ি।

* আইন মেনে চলবো, নিরাপদ সড়ক গড়বো।

বিআরটিএ